সংবাদ

31 OCT 2008

# স্কুল-মাদ্রাসায় চালু হচ্ছে কারিগরি ট্রেড

কূটনৈতিক বার্তা পরিবেশক

অধিক হারে বিদেশে নারী কর্মী পাঠানো, বেসরকারি উদ্যোগে নার্সিং ইনস্টিটিউট স্থাপন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাধ্যমে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা, স্কুল ও মাদ্রাসা পর্যায়ে কারিগরি ট্রেড চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার।

গতকাল বৃহস্পতিবার প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সভা কক্ষে বিদেশে জনশক্তি রপ্তানি ও প্রবাসী কর্মীদের কল্যাণ বৃদ্ধির লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সুপারিশমালা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার আহমেদ চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সভায় জনশক্তি রপ্তানি বৃদ্ধির ব্যাপারে ১৪টি

ট্রেড : পৃ: ১১ ক: ৮

## ট্রেড : কারিগরি

(১২ পৃষ্ঠার পর)

মন্ত্রণালয় ও সংস্থার সুপারিশকৃত ৫৪টি বিষয়ের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

জনশক্তি রপ্তানিতে উৎসাহ প্রদানের লক্ষ্যে অধিক পরিমাণ রেমিট্যান্স প্রেরণকারীদের ইনসেনটিভ দেয়ার জন্য বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। কমিটি শিগগিরই সুপারিশমালা প্রণয়ন করবে বলে বৈঠক সূত্রে জানা গেছে।

বৈঠক শেষে সাংবাদিকদের ড. ইফতেখার চৌধুরী বলেন, চলতি বছরের এ পর্যন্ত ৭ লাখ ৫৫ হাজার কর্মীকে বহির্গমন ছাড়পত্র দেয়া হয়েছে। আশা করা যায় এ বছর পূর্ত বছরের ৮ লাখ ৩২ হাজার কর্মী বিদেশে পাঠানোর রেকর্ড অতিক্রম করবে। তিনি বলেন, শুধু কর্মী পাঠানো বা রেমিট্যান্স অর্জনই আমাদের লক্ষ্য নয়, প্রবাসী কর্মীদের কল্যাণ বৃদ্ধিই আমাদের মুখ্য উদ্দেশ্য।

শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম, স্বরাষ্ট্র সচিব আবদুল করিম, পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সচিব আবদুল মতিন চৌধুরীসহ অর্থ, সংস্থাপন, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, স্বাস্থ্য, যুব ও ক্রীড়া, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, [illegible] বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিরা এ সময় উপস্থিত ছিলেন।